

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা

বিজ্ঞপ্তি

নং-৫৩৪

জি,

তারিখঃ ০৯/১০/২০১৮ খ্রিঃ

মহামান্য রাষ্ট্রপতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৫(১)-এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারক ১। বিচারপতি জিনাত আরা ২। বিচারপতি জনাব আবু বকর সিদ্দিকী এবং ৩। বিচারপতি জনাব মোঃ নূরুজ্জামান-কে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের বিচারক হিসেবে নিয়োগ প্রদান করেছেন। তাঁদের উক্ত নিয়োগের বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ কর্তৃক ২৩ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ, ০৮ অক্টোবর ২০১৮ খ্রি. তারিখের ১০.০০.০০০০.১২৮.১১.০০২.১৮-৫০৬ নম্বর প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

২। অদ্য ২৪ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ, ০৯ অক্টোবর ২০১৮ খ্রি. রোজ মঙ্গলবার সকাল ১০:৩০ ঘটিকায় বাংলাদেশ সুপ্রীম কোর্টের জাজেস লাউঞ্জে আপীল বিভাগে নব নিয়োগপ্রাপ্ত মাননীয় বিচারকগণকে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি শপথ পাঠ করাবেন।

৩। উক্ত শপথ অনুষ্ঠান শেষে হাইকোর্ট বিভাগের কোর্টসমূহ অদ্যকার জন্য বেলা ১১:৩০ ঘটিকায় বসবে।

আদেশক্রমে,



(ড. মোঃ জাকির হোসেন)  
রেজিস্ট্রার জেনারেল।

স্মারক নং ৭৬৪২ (৫)

জি,

তারিখঃ ০৯/১০/২০১৮ খ্রিঃ

কার্যার্থে ও জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো:-

- ১। মাননীয় অ্যাটর্নি জেনারেল, বাংলাদেশ।
- ২। সভাপতি, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা।
- ৩। সেক্রেটারী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা।
- ৪। মাননীয় প্রধান বিচারপতির সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (ওয়েব সাইটে প্রচারের জন্য)।



(মোহাম্মদ আব্দুলরুজ্জামান ভূঁইয়া)  
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)  
ফোনঃ ৯৫৬৬৮২৬  
E-mail:aktar.dr@supremecourt.gov.bd